# ৩নং সিংড়া ইউনিয়ন পরিষদের ৩০/১০/২০২৫ইং তারিখের অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী

সভাপতিঃ মোঃ সাজ্জাদ হোসেন
চেয়ারম্যান, ৩নং সিংড়া ইউনিয়ন পরিষদ
ঘোড়াঘাট, দিনাজপুর।

স্থানঃ ৩নং সিংড়া ইউনিয়ন পরিষদ সভা কক্ষ
ঘোড়াঘাট, দিনাজপুর।
তারিখঃ ৩০-১০-২০২৫ইং
সময়ঃ বেলা ১১:০০ ঘটিকা

**সভায় উপস্থিত সদস্যগণের নাম ও স্বাক্ষর (স্বাক্ষরের ক্রমানুসারে)**

| ক্রমিক নং | সদস্যবৃন্দের নাম | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | জনাব, মোঃ সাজ্জাদ হোসেন | স্বাক্ষরিত/- |
| ০২ | জনাব, মোঃ আব্দুল মালেক মন্ডল | " |
| ০৩ | জনাব, মোঃ ওয়াহেদুজ্জামান | " |
| ০৪ | জনাব, মোঃ সোনা মিয়া মোল্লা | " |
| ০৫ | জনাব, মোঃ গোলাম রব্বানী | " |
| ০৬ | জনাব, মোঃ আজাদুল ইসলাম | " |
| ০৭ | জনাব, মোঃ মঞ্জুর রহমান | " |
| ০৮ | জনাব, মোঃ আতিয়ার রহমান | " |
| ০৯ | জনাব, মোঃ মফিজুল হক | " |
| ১০ | জনাব, মোঃ আয়নুল ইসলাম | " |
| ১১ | জনাব, মোছাঃ মুরশিদা বেগম | " |
| ১২ | জনাব, মোছাঃ রাহেনা বেগম | " |
| ১৩ | জনাব, চন্দনা রানী | " |

<u>আলোচ্য বিষয়ঃ</u>

১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও দৃঢ়ী করন।
২। জন্ম ও মৃত্যু নিবন্ধন বিষয়ে আলোচনা।
৩। টিসিবি কার্ড হালনাগাদ বিষয়ে আলোচনা।
৪। বিবিধ।

অদ্যকার সভার সভাপতি জনাব মোঃ সাজ্জাদ হোসেন, চেয়ারম্যান ৩নং সিংড়া ইউপি এর সভাপিত্বে সভার কাজ আরম্ভ হয়। স্বাগত বক্তব্যে সভাপতি সাহেব বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন শুনান। উহাতে আর কোন সংযোজন ও বিয়োজন না থাকায় উহা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

২নং আলোচনাকালে সভাপতি সাহেব জানান যে, অত্র ইউনিয়ন পরিষদের প্রত্যাশিত জন্ম নিবন্ধন লক্ষ্যমাত্রা ৫২ জন এবং সম্ভাব্য মৃত্যু নিবন্ধন লক্ষ্যমাত্র ১৭ জন। গ্রাম পুলিশ ও ইউপি সদস্যগণের সহযোগীতায় এ পর্যন্ত লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হয়েছে। এ জন্য উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং এ বিষয়ে বিশদ আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়।

<u>সিদ্ধান্তঃ</u> অতপর আলোচনান্তে জন্ম ও মৃত্যু নিবন্ধনের মাসিক লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে এবং নিজ নিজ ওয়ার্ডে জন্ম ও মৃত্যু নিবন্ধনের প্রয়োজনীতা সম্পর্কে ওয়ার্ড সদস্যগণ সচেতন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।

৩নং আলোচনাকালে সভাপতি সাহেবের অনুমতিক্রমে ইউপি প্রশাসনিক কর্মকর্তা জানান যে, মোট টিসিবি উপকারভোগী ৩২৯৮ জন। তার মধ্যে ১৭২২টি স্মার্ট কার্ড এক্টিভ রয়েছে। অবশিষ্ট ১০১০টি কার্ড বিভিন্ন সমস্যা চিহ্নিত করা হয়েছে। উল্লেখ্য যে, কিছু কিছু ক্ষেত্রে তালিকায় স্ত্রীর নাম থাকলেও স্বামীর নামে মোবাইল নম্বর বায়োমেট্রিক রেজিস্ট্রেশন থাকায় সার্ভারে সংক্রিয়ভাবে তাহার নামে স্মাট কার্ড তৈরি হয়েছে। এমতাবস্থায় উক্ত কার্ডগুলির বিষয়ে সিদ্ধান্তগ্রহণের জন্য অনুরোধ জানান। সেই সাথে অবশিষ্ট উপকারভোগীর অনলাইন ভেরিফিকেশনের জন্য তাদেরকে জানানোর জন্য সভাপতির দৃষ্টি আকর্ষন করা হয়। এ বিষয়ে বিশদ আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়।

<u>সিদ্ধান্তঃ</u> অতপর আলোচনান্তে টিসিবি হেল্প লাইনের পরামর্শ অনুযায়ী ও উপজেলা নির্বাহী অফিসারের নির্দেশনা অনুযায়ী একই পরিবারভূক্ত কার্ড গুলো পরিবারে সদস্যদের মধ্যে হালনাগাদ এবং উপকারভোগী মৃত্যু ও মোবাইল নম্বর ভুল থাকায় পরিবারের সদস্যদের মধ্য হতে নতুন নিবন্ধন করে দেওয়া যেতে পারে মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।

৩০/১০/২৫

মোঃ সাজ্জাদ হোসেন
চেয়ারম্যান
৩নং সিংড়া ইউনিয়ন পরিষদ
ঘোড়াঘাট, দিনাজপুর।

বিবিধ বিষয়ে আর কোন আলোচনা না থাকায়, সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০/১০/২৫

সভাপতি
(মোঃ সাজ্জাদ হোসেন)
চেয়ারম্যান
৩নং সিংড়া ইউনিয়ন পরিষদ
ঘোড়াঘাট, দিনাজপুর।

মোঃ সাজ্জাদ হোসেন
চেয়ারম্যান
৩নং সিংড়া ইউনিয়ন পরিষদ
ঘোড়াঘাট, দিনাজপুর।

স্মারক নং-৪৬.০০.৪৩৭৬.০০০.০২.০১৭.২৫-১১১ তারিখঃ ৩০/১০/২০২৫খ্রিঃ

<u>অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইলঃ-</u>

১। উপ-পরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুর।
২। উপজেলা নির্বাহী অফিসার, ঘোড়াঘাট, দিনাজপুর। ৩। অফিস কপি।

৩০/১০/২৫

চেয়ারম্যান
৩নং সিংড়া ইউনিয়ন পরিষদ
ঘোড়াঘাট, দিনাজপুর।

মোঃ সাজ্জাদ হোসেন
চেয়ারম্যান
৩নং সিংড়া ইউনিয়ন পরিষদ
ঘোড়াঘাট, দিনাজপুর।